

# শিক্ষার সঙ্গে কর্মসংস্থানের সমন্বয় ঘটাতে হবে : রাষ্ট্রপতি

যুগান্তর রিপোর্ট

রাষ্ট্রপতি অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ শিক্ষার সঙ্গে কর্মসংস্থানের সমন্বয় ঘটাতে কার্যকর পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, কার্যক্রমে নৈতিকতাকে প্রধান্য দেয়া উচিত এবং একই সঙ্গে বিজ্ঞান ও লাগসই প্রযুক্তিগত শিক্ষার সংমিশ্রণও থাকা প্রয়োজন। শিক্ষার লক্ষ্য একজন মানুষকে পরিপূর্ণভাবে গড়ে তোলা যেন তিনি দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারেন। তিনি গতকাল জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। বিয়াম মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম। বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন, ও শিক্ষা উপমন্ত্রী মোঃ আবদুস সালাম পিটু। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা দেন শিক্ষক কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শহীদুল ইসলাম।

রাষ্ট্রপতি শিক্ষার্থীদের অভিনিহিত গণাব্দী জাগিয়ে তোলা, আর্থিক ও নৈতিক চেতনার বিকাশ এবং একই সঙ্গে তাদের কর্মসংস্থান ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের চ্যামা সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, দেশতে সামনে এগিয়ে নিতে শিক্ষার সম্প্রসারণের পাশাপাশি মানসম্মত শিক্ষারও প্রয়োজন। অরও প্রয়োজন মূল্যবোধের তৎপরও। শিক্ষা প্রতিষ্ঠানে নিবেদিতপ্রাণ, সায়িত্বশীল ও মূল্যবোধ সম্পন্ন শিক্ষকের কোন বিকল্প নেই।

অধ্যাপক ইয়াজউদ্দিন আহম্মেদ শিক্ষা প্রশাসনে ছাবাবদিহিতা ও মনিটরিং জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণীকক্ষেই দেশের ভবিষ্যৎ নাগরিকদের সুশিক্ষার ব্যবস্থা করা সম্ভব। শিক্ষকদের এ সভা উপলব্ধি করতে হবে। শিক্ষকদের জাতির সভাকারের রূপকার আখ্যা দিয়ে তিনি বলেন, শিক্ষকতা শুধু চাকরি নয়, একটি সেবামূলক বৃত্ত। তিনি আরও বলেন, নিজেকে একজন শিক্ষক হিসেবে পরিচয় দিতেই আমি গর্ববোধ করি। অনুষ্ঠানে বিভিন্ন স্তরের শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ৫ জন শিক্ষাবিদকে জাতীয় শিক্ষক দিবস সম্মাননা পদক ২০০৩ প্রদান করা হয়। পদকপ্রাপ্তরা হলেন- কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আবুল কালাম মুহাম্মদ আমীনুল হক (বিশ্ববিদ্যালয় পর্যায়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক অধ্যাপক রাশিদা বেগম (কলেজ পর্যায়), আইডিয়াল স্কুল এড কলেজের সাবেক অধ্যক্ষ মোঃ ফয়জুর রহমান (স্কুল পর্যায়), কারিগরি শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক হামিদ আলী শাহ (কারিগরি পর্যায়) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাবেক রেজিস্ট্রার মরহুম ড. আইয়ুব আলী (মাদ্রাসা পর্যায়)। এছাড়া জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের কাছে সম্মাননাপত্র প্রদান করা হয়। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষক দিবসের কর্মসূচি শেষ হয়। এদিকে সারাদেশে ছেলা-উপছেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বাংলাদেশ শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল রাজধানীতে এক বর্ণাঢ্য মিছিল বের করা হয়।